যায়যায়দিন

তারিখ 20 APR 2008
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# ডাকসু ইলেকশনের জন্য ধৈর্য ধরতে হবে : ভিসি

ইউনিভার্সিটি রিপোর্টার

ঢাকা ইউনিভার্সিটি ভিসি ড. এস এম এ ফায়েজ ডাকসু ইলেকশনের জন্য শিক্ষার্থীদের ধৈর্য ধরার আহ্বান জানিয়েছেন।

গতকাল ঢাকা ইউনিভার্সিটি বৈশাখী উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ভিসি বলেন, শিক্ষার্থীরা ইলেকশন চায়। ছাত্র সংগঠনগুলোও ইলেকশনের ব্যাপারে আন্তরিক। পরিবেশ তৈরি হওয়া মাত্রই ইলেকশন দেয়া হবে। তিনি সাফ জানান, ইলেকশনের জন্য অবশ্যই ছাত্রদের ধৈর্য ধরতে হবে।

টিএসসির উপদেষ্টা প্রফেসর মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত

পৃ ১৫ >> ক ৩

## ডাকসু ইলেকশনের

*(শেষ পৃষ্ঠার পর)*

ছিলেন ঢাকা ইউনিভার্সিটির অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, টিএসসির পরিচালক আলমগীর হোসেন ও ঢাকা ইউনিভার্সিটি সাংবাদিক সমিতির সভাপতি মাহবুবুর রহমান।

উল্লেখ্য, ১৪ এপ্রিল থেকে এ বৈশাখী উৎসব অনুষ্ঠিত শুরু হয়।